# আল-বুরুজ | Al-Buruj | ٱلْبُرُوج

আয়াতঃ ৮৫ : ১৫

## আরবি মূল আয়াত:

ذُو الْعَرْشِ الْمَجِيدُ ﴿١٥﴾

## অনুবাদসমূহ:

আরশের অধিপতি, মহান। — আল-বায়ান

‘আরশের অধিপতি, মহা সম্মানিত। — তাইসিরুল

আরশের অধিপতি মহিমময়, — মুজিবুর রহমান

Honorable Owner of the Throne, — Sahih International

### ১৫. আরশের অধিকারী ও সম্মানিত।

-

তাফসীরে জাকারিয়া

### ১৫। তিনি আরশের অধিপতি গৌরবময়। [1]

[1] অর্থাৎ, তিনি সমস্ত সৃষ্টি হতে সুমহান এবং সুউচ্চ। ‘আরশ’ যা সব থেকে উচ্চে অবস্থিত, যার উপরে আল্লাহ আছেন। যেমন সাহাবাগণ, তাবেয়ীনগণ এবং মুহাদ্দিসগণদের এ বিশ্বাস। الْمَجِيدُশব্দের অর্থ হল মর্যাদাবান ও গৌরবময়। পেশ অবস্থায় এ জন্য আছে যে, এটা ذوবা রবের সিফাত (বিশেষণ); الْعَرْشِএর বিশেষণ নয়। যদিও কেউ কেউ এই শব্দটাকে الْعَرْشِএর বিশেষণ ধরে المجيدِশব্দকে যের দিয়ে পাঠ করেছেন। অর্থের দিক দিয়ে উভয় অর্থ নির্ভুল এবং বিশুদ্ধ। (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5924

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন